

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেট এর কার্যালয়, পাবনা
(জুডিসিয়াল মুন্সিখানা শাখা)
www.pabna.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৭৬০০.০৩৬.৩২.০১০.২৪.১৫৬

তারিখ : ২২ মাঘ ১৪৩০
০৫ ফেব্রুয়ারি ২০২৪

“ ১৪৪ ধারা জারী ”

যেহেতু, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের এমবিবিএস কোর্সের ভর্তি পরীক্ষা আগামী ০৯-০২-২০২৪ তারিখ শুক্রবার সকাল ১০:০০ ঘটিকা হতে বেলা ১১:০০ ঘটিকা পর্যন্ত পাবনা মেডিকেল কলেজ, পাবনা কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

যেহেতু, উক্ত পরীক্ষা কেন্দ্রে আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ও শান্তি-শৃঙ্খলা ভঙ্গের আশঙ্কা রয়েছে এবং পরীক্ষা কেন্দ্রে বে-আইনী সংঘবদ্ধ জনতার দ্বারা নানাবিধ প্রতিবন্ধকতা ও বিঘ্নতা সৃষ্টি হতে পারে মর্মে আমার বিশ্বাস জন্মেছে।

সেহেতু, আমি মু: আসাদুজ্জামান, জেলা ম্যাজিস্ট্রেট, পাবনা পরীক্ষা অনুষ্ঠানের দিন উক্ত পরীক্ষা কেন্দ্রে শান্তি-শৃঙ্খলা রক্ষাকল্পে পরীক্ষা শুরু থেকে শেষ না হওয়া পর্যন্ত পরীক্ষা কেন্দ্র ও তার আশেপাশে “১৮৯৮ সালের ফৌজদারী কার্যবিধি” এর ১৩৪ ধারার বিধানমতে ১৪৪ ধারা জারী করলাম।

এ আদেশবলে উক্ত পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা শুরু হওয়ার ০১(এক) ঘণ্টা পূর্ব হতে শেষ হওয়ার ০১(এক) ঘণ্টা পর পর্যন্ত পরীক্ষার কেন্দ্রের ২০০(দুইশত) গজের মধ্যে পরীক্ষার্থী ও পরীক্ষার সাথে প্রত্যক্ষভাবে জড়িত ব্যক্তিবর্গ ছাড়া ০৫(পাঁচ) বা ততোধিক ব্যক্তির একত্রে সমাবেশ বা বে-আইনী জনতার প্রবেশ সম্পূর্ণ নিষিদ্ধ ঘোষণা করা হলো। পরীক্ষা কেন্দ্রের ২০০(দুইশত) গজের মধ্যে পরীক্ষা চলাকালীন সময়ে সকল প্রকার মিটিং, মিছিল, মাইকিং বা এমপ্লিফায়ার ব্যবহার ও বাজানো, সকল প্রকার লাঠিসোটা, বিষ্ফোরক দ্রব্য, আগ্নেয়াস্ত্র এবং অস্ত্রশস্ত্র বহন নিষিদ্ধ ঘোষণা করা হলো।

এ আদেশ পাবনা সদর উপজেলাধীন নিম্নবর্ণিত কেন্দ্রে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের এমবিবিএস কোর্সের ভর্তি পরীক্ষা আগামী ০৯-০২-২০২৪ তারিখ শুক্রবার সকাল ১০:০০ ঘটিকা হতে বেলা ১১:০০ ঘটিকা পর্যন্ত পাবনা মেডিকেল কলেজ, পাবনা কেন্দ্রে পরীক্ষা শুরু হওয়ার ০১(এক) ঘণ্টা পূর্ব হতে পরীক্ষা শেষ হওয়ার ০১(এক) ঘণ্টা পর পর্যন্ত বলবৎ থাকবে। সকল আইন প্রয়োগকারী সংস্থাকে এ আদেশ কঠোরভাবে পালন করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

১৪৭

(মু: আসাদুজ্জামান)
জেলা ম্যাজিস্ট্রেট
পাবনা

ফোনঃ ০২৫৮৮৮৪৫৪৯৯


e-mail: dcpabna@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৭৬০০.০৩৬.৩২.০১০.২৪.১৫৬

তারিখ : ২২ মাঘ ১৪৩০
০৫ ফেব্রুয়ারি

অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে) : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. পুলিশ সুপার, পাবনা
০২. অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি), পাবনা
০৩. অধ্যক্ষ, পাবনা মেডিকেল কলেজ, পাবনা
০৪. উপপরিচালক, র‍্যাংক-১২, পাবনা
০৫. সিনিয়র জেলা তথ্য অফিসার, পাবনা। (তাকে উপর্যুক্ত আদেশটি অবিলম্বে পরীক্ষা কেন্দ্রের আশেপাশের এলাকায় মাইক দ্বারা ব্যাপক প্রচারের অনুরোধসহ)


০৫/০২/২৪
জেলা ম্যাজিস্ট্রেট
পাবনা